দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

04 JUN 1989
তারিখ
পৃষ্ঠা ... কলাম

# শিক্ষার উৎকর্ষ সাধনে উন্নত পাঠ্য পুস্তক গুরুত্বপূর্ণ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষার গুণগত উৎকর্ষতা সাধনের জন্য উন্নত পাঠ্য পুস্তক প্রণয়ন ও প্রকাশের উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি শনিবার ৩রা জুন সন্ধ্যায় পুরনো ঢাকায় মঈন উদ্দিন মেমোরিয়াল হলে (লালকুঠি) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির বিশেষ সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর বাসসর।

শিক্ষামন্ত্রী বলেন, এমন ধরনের পাঠ্য পুস্তক প্রণয়ন ও প্রকাশ করতে হবে যার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা উন্নত মূল্যবোধ, নেতৃত্বের গুণাবলী অর্জন, দেশপ্রেম ও উন্নত চরিত্রের অধিকারী হওয়ার সুযোগ পায়।

তিনি বলেন, পুস্তক প্রকাশক ও বিক্রেতারা দেশের শিক্ষা বিস্তার এবং পাশাপাশি শিক্ষার মানোন্নয়নের সাথেও সম্পৃক্ত রয়েছেন। মন্ত্রী সকলের সম্মিলিত উদ্যোগের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে সুন্দর ও সাবলীল করার আহবান জানান।

সম্মেলনে পাঠ্য পুস্তকের মানোন্নয়নে সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করার জন্য পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির পক্ষ থেকে আশ্বাস দেয়াহয়।

শিক্ষামন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদের গতিশীল নেতৃত্বে বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থার উন্নয়নে আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছেন এবং এরই ফলশ্রুতিতে শিক্ষাংগনগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিরাজ করছে। পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি সংসদ সদস্য জাহাংগীর মোহাম্মদ আদেলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে আরো বক্তৃতা করেন সংগঠনের মহাসচিব জনাব আবু তাহের এবং জনাব এ এম নূরুল হক।